

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ সুন্নত ও নফল নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নফল নামাযে লম্বা কিয়াম করা উত্তম

নফল নামায সাধারণত: একার নামায। তাই তাতে ইচ্ছামত লম্বা কিরাআত করা যায়। বরং এই নামাযে কিয়াম লম্বা করা মুস্তাহাব। মহানবী (ﷺ) করা জজ্ঞাসা করা হল যে, সবচেয়ে উত্তম নামায কি? উত্তরে তিনি বললেন, "লম্বা কিয়াম বিশিষ্ট নামায।" (আবূদাউদ, সুনান ১৪৪৯নং)

আর এ কথা বিদিত যে, মহানবী (ﷺ) তাহাজ্জুদের নামাযে এত লম্বা কিয়াম করতেন যে, তাতে তাঁর পা ফুলে যেত। সাহাবাগণ বলেছিলেন, আল্লাহ আপনার আগের-পরের সকল গুনাহ মাফ করে দিয়েছেন তবুও আপনি কেন অনুরুপ নামায পড়েন? উত্তরে তিনি বলেছিলেন, "আমি কি আল্লাহর কৃতজ্ঞ বান্দা হব না?" (বুখারী, মুসলিম, আহমাদ, মুসনাদ, তিরমিয়ী, সুনান, নাসাঈ, সুনান ইবনে মাজাহ, সুনান, মিশকাত ১২২০নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3009

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন